

বেরোবিতে বাংলাদেশ-পাকিস্তান এডুকেশন এক্সপো, উচ্চশিক্ষায় নতুন সম্ভাবনা

নিজস্ব প্রতিবেদক, রংপুর

প্রকাশ: ২০ মে, ২০২৬ ১৭:৪৭



ছবি: কালের কণ্ঠ

উচ্চশিক্ষা, গবেষণা ও আন্তর্জাতিক একাডেমিক সহযোগিতার নতুন সম্ভাবনা নিয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি), রংপুরে অনুষ্ঠিত হয়েছে দিনব্যাপী ‘বাংলাদেশ-পাকিস্তান এডুকেশন এক্সপো’।

‘পাকিস্তান-বাংলাদেশ নলেজ করিডোর’ উদ্যোগে
আয়োজিত এ এক্সপোতে পাকিস্তানের ২০টি শীর্ষস্থানীয়
বিশ্ববিদ্যালয় অংশ নেয়।

এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকদের
মধ্যে ব্যাপক আগ্রহ ও উৎসাহ সৃষ্টি হয়।

বুধবার (২০ মে) সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন
ভবনের সিন্ডিকেট সভাকক্ষে পাকিস্তানের বিভিন্ন
বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সঙ্গে বিশ্ববিদ্যালয়
প্রশাসনের এক মতবিনিময়সভার মাধ্যমে কর্মসূচির
সূচনা হয়। সভায় সভাপতিত্ব করেন বেগম রোকেয়া
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী।

সভায় দুই দেশের উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়ন, যৌথ
গবেষণা, শিক্ষক-শিক্ষার্থী বিনিময়, আন্তর্জাতিক
কলারশিপ ও শিক্ষা খাতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির
নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

এতে উপস্থিত ছিলেন পাকিস্তানের উচ্চশিক্ষা প্রকল্প পরিচালক জাহানজেব খান, পাকিস্তান হাইকমিশনের কাউন্সিলর কামরান দঙ্গল, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, রেজিস্ট্রার এবং প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

উপাচার্য বলেন, ‘বর্তমান বিশ্বে উচ্চশিক্ষা ও গবেষণায় আন্তর্জাতিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জ্ঞানভিত্তিক সমাজ গঠনে দেশগুলোর মধ্যে একাডেমিক সম্পর্ক জোরদার করা সময়ের দাবি। বাংলাদেশ-পাকিস্তান এডুকেশন এক্সপো শুধু একটি শিক্ষা মেলা নয়, এটি দুই দেশের শিক্ষা ও গবেষণা খাতের মধ্যে সেতুবন্ধন তৈরির একটি কার্যকর উদ্যোগ।

এর মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকরা আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের দক্ষতা ও জ্ঞান বিনিময়ের সুযোগ পাবেন।’

তিনি আরো বলেন, এ ধরনের আয়োজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে। বিশেষ করে উচ্চশিক্ষা, গবেষণা ও আন্তর্জাতিক বৃত্তির সুযোগ সম্পর্কে প্রত্যক্ষ ধারণা লাভের মাধ্যমে শিক্ষার্থীরা ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণে আরো উৎসাহিত হবে।

পাকিস্তানের উচ্চশিক্ষা প্রকল্প পরিচালক জাহানজেব খান বলেন, ‘বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে শিক্ষা খাতে সহযোগিতা তরুণ প্রজন্মের মেধা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাকিস্তানের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা, আধুনিক গবেষণা সুবিধা এবং আকর্ষণীয় স্কলারশিপ নিয়ে বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য প্রস্তুত রয়েছে।

আমরা চাই দুই দেশের শিক্ষার্থীদের মধ্যে জ্ঞান ও সংস্কৃতির আদান-প্রদান আরো বাড়ুক।’

আরো পড়ুন



লালবাগে কিশোর গ্যাংয়ের গুলিতে আহত তরুণের মৃত্যু

তিনি আরো বলেন, ‘পাকিস্তান-বাংলাদেশ নলেজ করিডোর’ উদ্যোগ ভবিষ্যতে দুই দেশের একাডেমিক সম্পর্ককে আরো শক্তিশালী করবে এবং গবেষণাভিত্তিক সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরি করবে।

পাকিস্তান হাইকমিশনের কাউন্সিলর কামরান দঙ্গল বলেন, শিক্ষা হচ্ছে দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও বন্ধুত্ব জোরদারের অন্যতম কার্যকর মাধ্যম। তিনি শিক্ষার্থীদের আন্তর্জাতিক শিক্ষার সুযোগ কাজে লাগানোর আহ্বান জানান।